43

তারিখ ... FEB. 8... 1999... ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৪ ......

দৈনিক ইনকিলাব

# আনন্দমোহন কলেজের শিক্ষককে যৌন হয়রানির অভিযোগে ফাঁসানোর অপচেষ্টা ব্যর্থ

ময়মনসিংহ থেকে জেলা সংবাদদাতার ফ্যাক্স ঃ ময়মনসিংহ আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজে সৃষ্ট যৌন হয়রানি নাটকের অভিযোগকারী সৈয়দা আকলিমা জাহান (সেতু) তার অভিযোগপত্রটি প্রত্যাহার করে নিয়েছে। সেই সাথে অভিযুক্ত শিক্ষককে ফাঁসানোর অপচেষ্টা ব্যর্থ হয়ে গেছে। অভিযোগ প্রমাণ করা সম্ভব নয় বলেই তদন্ত কমিটির রিপোর্ট পেশ করার পূর্বেই অভিযোগকারী ছাত্রীটি স্বেচ্ছায় তার অভিযোগ প্রত্যাহার করে নিয়েছে।

বেশ কিছু দিন যাবত আনন্দমোহন কলেজের দর্শন বিভাগের শিক্ষকদের মধ্যে আধিপত্য বিস্তার ও বদলি সংক্রান্ত বিষয় নিয়ে আভ্যন্তরীণ দ্বন্দ্ব চলে আসছিল। অবশেষে এ দ্বন্দ্বের বহিঃপ্রকাশ হিসেবে এ ন্যাক্কারজনক ঘটনার সূত্রপাত ঘটে। দর্শন বিভাগের একটি স্বার্থান্বেষী শিক্ষক মহল ঈর্ষাকাতর হয়ে ঐ ছাত্রীটির মাধ্যমে দীর্ঘদিনের দ্বন্দ্বের ষড়যন্ত্রমূলক প্রতিশোধ নেয়ার চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়। সেই সাথে তাদের পুরো পরিকল্পনাটি ভেস্তে গেছে।

উল্লেখ্য, কলেজ কর্তৃপক্ষ কর্তৃক গঠিত যৌন হয়রানি সংক্রান্ত তদন্ত কমিটির গত ৪ জানুয়ারী রিপোর্ট পেশ করার কথা ছিল। এর পূর্বেই জানুয়ারীর ২ তারিখে ছাত্রীটি সশরীরে কলেজ কর্তৃপক্ষের নিকট উপস্থিত হয়ে অভিযোগপত্রটি প্রত্যাহার করে নেয়। অভিযোগ প্রত্যাহার করে নেয়ার পরই তদন্ত কমিটির কার্যক্রম সম্পূর্ণভাবে নিষ্ক্রিয় হয়ে পড়ে। ইতোমধ্যে একাধিক দৈনিকে এ সংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হয়েছিল।